গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dpp.gov.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপনের কর্মসূচি বাস্তবায়ন, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন, ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য কর্মসূচি/সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০৬/০৩/২০২২ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভাপতি | : | আ. কা. মোঃ দিনারুল ইসলাম<br>মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| স্থান | : | সম্মেলন কক্ষ |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৭৫ সালের ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। একইসাথে তিনি মহান মুক্তিযুদ্ধে শাহাদাত বরণকারী ৩০ লক্ষ শহীদ এবং ২ লক্ষ মা বোনের আত্নত্যাগকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর সভাকে জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপনের বিষয়ে বিগত ২৮/০২/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা কর্তৃক ৭ মার্চ ২০২২ সকাল ১০.০০ ঘটিকায় বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সভায় ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন, ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন বিষয়ে ২৮/০২/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন বিষয়ে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক যথাযোগ্য মর্যাদার সাথে দিবসসমূহ পালনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত প্রযোজ্য সিদ্ধান্তসমূহ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**(ক) 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপনের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | বিষয়/কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ৭ মার্চ ২০২২ তারিখ বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। | ৭ মার্চ ২০২২<br>সকাল ১০.০০ টা<br>বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে উপস্থিত হবেন। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলোঃ<br>১. পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সভাপতি<br>২. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, সদস্য<br>৩. উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, সদস্য<br>৪. উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, সদস্য<br>৫. উপপরিচালক, বিজি প্রেস, সদস্য<br>৬. উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস, সদস্য<br>৭. সহকারী পরিচালক (প্রশাসন-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ ২০২২ জাতীয় দিবস উদযাপন উপলক্ষে জাতির পিতার জীবনীভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শন। | ৭ মার্চ ২০২২ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এলইডি ডিসপ্লে বোর্ডের মাধ্যমে জাতির পিতার জীবনীভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শন করবে। | সহকারী পরিচালক (প্রশাসন-১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| ৩. | যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য রক্ষায় শূন্য ঝুঁকি নিশ্চিত করে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে। | ৭ মার্চ ২০২২ বিজি প্রেস উচ্চ বিদ্যালয় | কোভিড সংক্রান্ত সরকারের নির্দেশনা এবং পরিস্থিতি পর্যালোচনা করে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয়ের শিশু-কিশোরদের অংশগ্রহণে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ ২০২২ জাতীয় দিবস উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ. কবিতা পাঠ ইত্যাদির আয়োজন করা হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলোঃ<br>১. জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব মোঃ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, সদস্য<br>৩. জনাব নাসির উদ্দিন আহমেদ, সহকারী প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৪. জনাব রাশিদা কালাম, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৫. বি এম সাইফুদ্দিন আহমেদ, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৬. জনাব আসমা বেগম, সহকারী শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৭. জনাব মোছাঃ আনজুমান আরা লাইজু, প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য সচিব |
| ৪. | ফ্ল্যাগ রুলস অনুসারে ঐতিহাসিক ৭ই মার্চে জাতীয় পতাকা উত্তোলন বিষয়ে নির্দেশনা সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করার জন্য অনুরোধ করা হবে। | ৭ মার্চ ২০২২ | ফ্ল্যাগ রুলস অনুসারে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেস জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবে। | উপপরিচালক (সকল) এবং সহকারী পরিচালক (প্রশাসন-১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| ৫. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)’ ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২২ দিবস উপলক্ষে পোস্টার মুদ্রণ করবে। | ৬ মার্চ ২০২২ | উপপরিচালক, বিজি প্রেস মুদ্রিত পোস্টার এর ৫০০ কপি সংগ্রহপূর্বক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন সকল অফিস ও প্রেসের নির্ধারিত জায়গায় প্রদর্শনের লক্ষ্যে প্রেরণ করবেন। | উপপরিচালক, বিজি প্রেস |
| ৬. | সকল মন্ত্রণালয়/বিভাগ, সরকারি/আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, দপ্তর/সংস্থার ভবনসমূহে আলোকসজ্জা করতে হবে। | ৭ মার্চ ২০২২ | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেসের ভবন এবং অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয় ভবনে আলোকসজ্জার ব্যবস্থা করবেন। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলোঃ<br>১. জনাব মোঃ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব মোঃ আফজাল হোসেন, মুখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সদস্য<br>৩. কেয়ারটেকার, সংশ্লিষ্ট অফিস/প্রেস, সদস্য সচিব |

(খ) ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপনের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিষয়/কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ। | ১৭ মার্চ ২০২২ সকাল ১০.০০ টা বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেস প্রধানগণ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে বিয়াম ফাউন্ডেশন ক্যাম্পাসে উপস্থিত হবেন। | সকল অফিস/প্রেস প্রধানগণ এবং সহকারী পরিচালক (প্রশাসন-১) |
| ২. | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | ১৭ মার্চ ২০২২ বিকাল ৩.০০ টা | কোভিড সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে ১৭ই মার্চ ২০২২ জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসের প্রতিপাদ্য:<br>বঙ্গবন্ধু জন্মদিনের অঙ্গীকার সকল শিশুর সমান অধিকার<br>অবলম্বনে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে একটি উপকমিটি গঠন করা হলোঃ<br>১. জনাব মোঃ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব নাসির উদ্দিন আহমেদ, সহকারী প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৩. জনাব রাশিদা কালাম, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৪. বি এম সাইফুদ্দিন আহমেদ, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৫. জনাব আসমা বেগম, সহকারী শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৬. জনাব মোছাঃ আনজুমান আরা লাইজু, প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য সচিব |
| ৩. | গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ। | ১৭ মার্চ ২০২২ | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেসের ভবন এবং অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয় ভবনে আলোকসজ্জা করা হবে। | সকল অফিস/প্রেস প্রধানগণ এবং সহকারী পরিচালক (প্রশাসন-১) |

**(গ) ২৫ মার্চ গণহত্যা দিবস পালনের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | বিষয়/কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা | ২৫ মার্চ ২০২২ সকাল ১০.০০ টা বিজি প্রেস উচ্চ বিদ্যালয় | কোভিড সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয়ে বীর মুক্তিযোদ্ধাদের অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ করে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠান করা হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১. উপপরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব নাসির উদ্দিন আহমেদ, সহকারী প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৩. জনাব রাশিদা কালাম, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৪. বি এম সাইফুদ্দিন আহমেদ, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৫. জনাব আসমা বেগম, সহকারী শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৬. জনাব মোছাঃ আনজুমান আরা লাইজু, প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য সচিব |
| ২. | ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও অলোচনা সভা এবং প্রামাণ্য চিত্র প্রদর্শন | ২৫ মার্চ ২০২২ বিকাল ৩.৩০ ঘটিকা | কোভিড সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে বিসিএস প্রশাসন একাডেমিতে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্মৃতিচারণ ও অলোচনা সভা এবং প্রামাণ্য চিত্র প্রদর্শন অনুষ্ঠানে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের পক্ষে অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| ৩. | ২৫ মার্চ ২০২২ তারিখ (রাত ৯.০০ টা থেকে ৯.০১ মিনিট পর্যন্ত) সারা দেশে প্রতীকী ব্ল্যাক আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/ জরুরী স্থাপনা ব্যতীত)। | ২৫ মার্চ ২০২২ (রাত ৯.০০ টা থেকে ৯.০১ মিনিট পর্যন্ত) | ২৫ মার্চ ২০২২ রাত ৯.০০ টা থেকে ৯.০১ মিনিট পর্যন্ত মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস এবং বাংলাদেশ স্টেশনারী অফিস উক্ত কর্মসূচি প্রতিপালন করবে। | ১. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস<br>২. উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস<br>৩. মূখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |

**(ঘ) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | বিষয়/কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন। | ২৬ মার্চ ২০২২ (সূর্যোদয়ের সাথে সাথে) | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেসের ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সকল অফিস/প্রেস প্রধানগণ এবং সহকারী পরিচালক (প্রশাসন-১) |
| ২. | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, দপ্তর/ সংস্থার ভবনসমূহে আলোকসজ্জা। (কোনক্রমেই ২৫/০৩/২০২২ তারিখ আলোকসজ্জা করা যাবে না) | ২৬ মার্চ ২০২২ (কোনক্রমেই ২৫/০৩/২০২২ তারিখ আলোকসজ্জা করা যাবে না) ২৬/০৩/২০২২ তারিখ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও অধিদপ্তরের অধীন সকল অফিস/প্রেসের ভবন এবং অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয় ভবনে আলোকসজ্জা করা হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে একটি উপকমিটি গঠন করা হলোঃ<br>১. জনাব মোঃ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব মোঃ আফজাল হোসেন, মূখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সদস্য<br>৩. কেয়ারটেকার, সংশ্লিষ্ট অফিস/প্রেস, সদস্য সচিব |
| ৩. | সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবনের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | ২৬ মার্চ ২০২২ বিকাল ৩.০০ টা | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন বিজি প্রেস উচ্চ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের নিয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে একটি উপকমিটি গঠন করা হলোঃ<br>১. জনাব মোঃ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, সভাপতি<br>২. জনাব নাসির উদ্দিন আহমেদ, সহকারী প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৩. জনাব রাশিদা কালাম, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৪. বি এম সাইফুদ্দিন আহমেদ, সিনিয়র শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৫. জনাব আসমা বেগম, সহকারী শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য<br>৬. জনাব মোছাঃ আনজুমান আরা লাইজু, প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, সদস্য সচিব |

২। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৬/২০২২

(আ. কা. মোঃ দিনারুল ইসলাম)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ৫৫০৩০০২৭
dg@dpp.gov.bd

২১ ফাল্গুন ১৪২৮

নং-০৫.০৪.০০০০.০০৯.২৩.০০১.২০/২৫৮৯/২৪ তারিখঃ----------------------------।

০৬ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন)}

২। পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩। উপপরিচালক, বিজি প্রেস/গভঃ প্রিন্টিং প্রেস/বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস/বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস/বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা।

৪। উপসচিব (মুদ্রণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬। সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা।

৭। সহকারী পরিচালক (প্রশাসন-১/২), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৮। মূখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৯। প্রধান শিক্ষক, বিজি প্রেস উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।

১০। ম্যানেজার, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বগুড়া/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। পরিচালকের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
09 MAR 2022
ডাক বিতরণ

৬/৩/২২

আবু ফাহাদ মোঃ সোহাগ
সহকারী পরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ৫৫০৩০০২৯
ad1@dpp.gov.bd